

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.৩১.০৩১.২০১৬-৮০৩৩

তারিখঃ ২৩/০৮/২০১৬

বিষয় : উপজেলা পরিষদে শতভাগ e-GP বাস্তবায়ন নিশ্চিতকরণ।


- সূত্র : (১) উপজেলা-২ এর স্মারক নং-৪৬.০৪৫.০২৫.০৮.০৩.০০৩.২০১২-৩১৭, তারিখ : ১৪/০২/২০১৬
(২) উপজেলা-২ এর স্মারক নং-৪৬.০৪৫.০২৫.০৮.০৩.০০৩.২০১২-৮৩৮, তারিখ : ১৭/০৭/২০১৬
(৩) উপজেলা-২ এর স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.৩১.০৩১.২০১৬-৯৯৮, তারিখ : ১৭/০৮/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৯ জুন ২০১৬ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সমন্বয় সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :-

“২০১৬ সালের মধ্যে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানে শতভাগ e-GP বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। e-GP বাস্তবায়ন অগ্রগতির হার অনুবিভাগ প্রধানগণ সমন্বয় সভায় উপস্থাপন করবেন।”

উল্লেখ্য যে, একই বিষয়ে গত ২৬/০৭/২০১৬ তারিখে অনুষ্ঠিত স্থানীয় সরকার বিভাগের মাসিক সমন্বয় সভায় পুনরায় অনুরূপ সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য e-GP বাস্তবায়নের লক্ষ্যে সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে বিধায় নির্ধারিত ফরমে তথ্যাদি পূরণ করা আবশ্যিক। এ বিষয়ে সূত্রোক্ত স্মারকদ্বয়ের মাধ্যমে একাধিকবার অনুরোধ করা হয়েছে। অদ্যাবধি তাঁর উপজেলা পরিষদের e-GP বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি পাওয়া যায়নি।

এমতাবস্থায়, ২০১৬ সালের মধ্যে সকল উপজেলা পরিষদে শতভাগ e-GP বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে সিপিটিইউ এর ২১/০৬/২০১৬ তারিখের ১০৯২ নং স্মারকের নির্দেশনা মতে সংযুক্ত নমুনা ছক মোতাবেক তথ্যাদি পূরণ করে এ বিভাগের lgd.upazila2@gmail.com নং ই-মেইলে আগামী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে প্রেরণ নিশ্চিত করণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

সংযুক্ত নমুনা ছক

১. চেয়ারম্যান (সকল).....উপজেলা পরিষদ।
২. উপজেলা নির্বাহী অফিসার, (সকল),.....।

অনুলিপি :

১. জেলা প্রশাসক (সকল)।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।